যুগান্তর

তারিখ : 20 JUL 2014
পৃষ্ঠা ২ কলাম ৩

# শেকৃবির এগ্রিবিজনেস অনুষদে ক্লাস পরীক্ষা বন্ধ : তালা

শেকৃবি প্রতিনিধি

ডিগ্রির নাম পরিবর্তনের দাবিতে সব ধরনের ক্লাস-পরীক্ষা বর্জন করে আন্দোলন চালিয়ে যাচ্ছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদের শিক্ষার্থীরা। আন্দোলনরত শিক্ষার্থীরা ওই অনুষদের ডিন অফিসসহ সব বিভাগের চেয়ারম্যানের কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছেন। সোমবার বেলা ১১টায় অনুষদ চত্বরে জড়ো হয়ে আন্দোলন শুরু করেন তারা। ডিগ্রির নাম বিবিএ ইন এগ্রিবিজনেস পরিবর্তন করে বিএসসি ইন এগ্রিকালচারাল ইকোনোমিক্স না করা পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

তারা কয়েক দফায় মানববন্ধন ও বিশ্ববিদ্যালয়ের ভিসির সঙ্গে সাক্ষাৎ করে তাদের দাবি তুলে ধরেন। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন দৃশ্যমান কোনো পদক্ষেপ না নেয়ায় রোববার বেলা ১১টায় এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদের ডিনের মাধ্যমে ভিসি বরাবর স্মারকলিপি দেন শিক্ষার্থীরা।